## বিএসটিডি'র ৩৪তম বার্ষিক সাধারণ সভা ২০২১ অনুষ্ঠিত



**বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন সমিতির সভাপতি জনাব এম জানিবুল হক**

বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি'র ৩৪তম বার্ষিক সাধারণ সভা ১১ ডিসেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৬:০০ টায় বিএসটিডি'র নিজস্ব কার্যালয়ে সমিতি'র সভাপতি সাবেক সিএসপি জনাব এম জানিবুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। কুরআন তিলাওয়াত করেন বিএসটিডি'র নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ জিল্লুর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালন করেন সমিতির মহাসচিব জনাব এম খায়রুল কবীর। এ সভায় ৩৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বিএসটিডি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর সমিতি'র ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। ২০২০-২১ অর্থবছরের প্রকৃত আয়-ব্যয় এবং ২০২০-২১ অর্থ বছরের বিএসটিডি'র নিরীক্ষা প্রতিবেদন এবং ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত আয়-ব্যয় বাজেট সভায় উপস্থাপন করেন সমিতি'র কোষাধ্যক্ষ জনাব কানিজ ফাতেমা চৌধুরী। সাধারণ সভায় ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ও ২০২০-২১ অর্থ বছরের অডিট রিপোর্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বার্ষিক সাধারণ সভায় বাজেট ও অডিট রিপোর্ট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বার্ষিক সাধারণ সভায় সমিতির প্রাতিষ্ঠানিক, আজীবন এবং সাধারণ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতি তাঁর পর্যবেক্ষণের ভিত্তিতে সভাকে অবহিত করেন যে, বিএসটিডি'র পক্ষ থেকে দ্বিবার্ষিক ইংরেজি জার্নাল প্রশিক্ষণ, নিউজলেটার প্রশিক্ষণ বার্তা নিয়মিত প্রকাশিত হয়েছে। তবে করোনার ব্যাপকতার কারণে অ্যাডভান্স টি ও টি, প্রটোকল ফরমালিটিজ অ্যান্ড আর্টিকুলেশন এবং প্রিপারেশন অব রিপোর্টস অ্যান্ড রাইট-আপস শীর্ষক তিনটি কোর্স করা সম্ভব হয় নাই। তবে বিএসটিডি'র প্রশিক্ষণ পুরস্কার; জাতীয় প্রশিক্ষণ দিবস; প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে আন্তপ্রাতিষ্ঠানিক সংযোগ; আন্তর্জাতিক সংযোগ স্থাপনসহ সারা বছরব্যাপী বিভিন্ন কর্মসূচি/অনুষ্ঠান বাস্তবায়ন করা হয়েছে। তিনি সকল সদস্যকে সমিতি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।